

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮০৬

পরিচ্ছেদঃ যে ঘরে ছবি বা কুকুর আছে সে ঘরে ফিরিশতা প্রবেশ করেন না।

بَابُ مَا جَاءَ أَنَّ الْمَلائِكَةَ لاَ تَدْخُلُ بَيْتًا فِيهِ صُورَةٌ وَلاَ كَلْبٌ

আরবী

حَدَّثَنَا سُويْدٌ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارِكِ، أَخْبَرَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ، حَدَّثَنَا مُجَاهِدٌ، قَالَ حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَتَانِي جِبْرِيلُ هُجَاهِدٌ، قَالَ حَدْبُتُ أَتَيْتُكَ الْبَارِحَةَ فَلَمْ يَمْنَعْنِي أَنْ أَكُونَ دَخَلْتُ عَلَيْكَ الْبَيْتَ الَّذِي كُنْتَ فِيهِ فَقَالَ إِنِّي كُنْتُ أَتَيْتُكَ الْبَيْتِ تِمْثَالُ الرِّجَالِ وَكَانَ فِي الْبَيْتِ قِرَامُ سِتْرٍ فِيهِ تَمَاثِيلُ وَكَانَ فِي الْبَيْتِ قِرَامُ سِتْرٍ فِيهِ تَمَاثِيلُ وَكَانَ فِي الْبَيْتِ قِرَامُ سِتْرٍ فِيهِ تَمَاثِيلُ وَكَانَ فِي الْبَيْتِ كَلْبٌ فَمُنْ بِرَأْسِ التِّمْثَالِ الَّذِي بِالْبَابِ فَلْيُقْطَعْ فَيَصِيرَ كَهَيْتَةِ الشَّجَرَةِ وَمُنْ بِالْبَابِ فَلْيُقْطَعْ فَيَصِيرَ كَهَيْتَةِ الشَّجَرَةِ وَمُنْ بِالسِتْرِ فَلْيُقْطَعْ وَيُجْعَلُ مِنْهُ وِسَادَتَيْنِ مُنْتَبَذَتَيْنِ يُوطَآنِ وَمُنْ بِالْكَلْبُ فَيُحْرَجْ ". فَفَعَلَ بِالسِتْرِ فَلْيُقْطَعْ وَيُجْعَلُ مِنْهُ وِسَادَتَيْنِ مُنْتَبَذَتَيْنِ يُوطَآنِ وَمُنْ بِالْكَلْبُ فَيُحْرَجْ ". فَفَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَكَانَ ذَلِكَ الْكَلْبُ جَرْوًا لِلْحَسَنِ أَو الْحُسَيْنِ تَحْتَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَكَانَ ذَلِكَ الْكَلْبُ جَرْوًا لِلْحَسَنِ أَو الْحُسَيْنِ تَحْتَ مَسَنُ صَحِيحٌ . وَفِي الْبَابِ عَنْ عَلَي الْمَلْمَةَ وَأَبِي طَلْحَةَ . وَأَبِي طَلْحَةَ .

বাংলা

২৮০৬. সুওয়ায়দ (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার কাছে জিবরীল এসছিলেন। তিনি বলেছেনঃ আমি গতরাতে আপনার কাছে এসেছিলাম। কিন্তু আপনি যে ঘরে ছিলেন সে ঘরে প্রবেশ করতে আমি বাধাগ্রস্ত হলাম। কারণ ঘরের দরজায় ছিল পুরুষের প্রতিকৃতি। ঘরে একটি পাতলা লাল পর্দা ছিল। এতে কিছু প্রতিকৃতি নকশা করা ছিল। ঘরে একটি কুকুরও ছিল। সুতরাং আপনি দরজার প্রতিকৃতির মাথাটি কেটে দিতে বলুন তবে তবে তা গাছের আকার ধারণ করবে। আর পর্দাটি ছিঁড়ে ফেলে দু'টো গদি বানাতে নির্দেশ দিন। এ গদি দু'টো সাধারণ ব্যবহারের জন্য পরে থাকবে। আর কুকুরটিকে বের করে দিতে আদেশ দিন। অনন্তর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা করলেনঃ হাসান বা হুসায়ন রাদিয়াল্লাহু আনহুমা-এর একটি কুকুর ছানা তোরঙ্গের নিচে ছিল। এটিকে বের করে দিতে তিনি নির্দেশ দেন, ফলে এটিও বের করে দেওয়া হয়।



সহীহ, আদাবুয যিফাফ, নতুন সংস্করণ ১৯০-১৯৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮০৬ [আল মাদানী প্রকাশনী] হাদীসটি হাসান-সহীহ।এ বিষয়ে আয়িশা ও আবূ তালহা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah () said: "Jibra'il came to me and said: "Indeed I had come to you last night, and nothing prevented me from entering upon you at the house you were in, except that there were images of men at the door of the house, and there was a curtain screen with imagines on it, and there was a dog in the house. So go and sever the head of the image that is at the door so that it will become like a tree stump, and go and cut the screen and make two throw-cushions to be sat upon, and go and expel the dog." So the Messenger of Allah () did so, and the dog was a puppy belonging to Al-Husain or Al-Hasan which was under his belongings, so he ordered him to expel it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন